

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট  
সংস্থাপন শাখা



জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ মশিউর রহমান এনডিসি বিভাগীয় কমিশনার, সিলেট।
সভার তারিখ	৩১ আগস্ট ২০২০
সভার সময়	বিকাল ০৪:৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<p>০১. নৈতিকতা কমিটির সভা: সভায় এ কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়সমূহে প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আহ্বান ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। নির্ধারিত লক্ষ্য অনুযায়ী সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সভায় মতামত প্রকাশ করা হয়।</p>	বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়ে নির্ধারিত লক্ষ্য অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) ২। সহকারী কমিশনার, সংস্থাপন শাখা
<p>০২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন: সভায় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ প্রেরণসহ স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোডের বিষয়ে আলোচনা করা হয়।</p>	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ করতে হবে এবং স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) ২। সহকারী কমিশনার, সংস্থাপন শাখা
<p>৩. শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ: বিভাগীয় অফিস ও জেলাসমূহের শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। সেবা বক্স হালনাগাদ করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়।</p>	১. শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) ২। সহকারী কমিশনার, সংস্থাপন শাখা ৩। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি) সেল

<p><u>০৪. বার্ষিক ক্রয় পরিকল্পনা</u>  <u>প্রণয়ন:</u> পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশের বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় বার্ষিক ক্রয় পরিকল্পনা ইতিপূর্বে প্রণয়ন করা হয়নি। প্রথমবার প্রণয়ন করতে কিছুটা সময় লাগছে। বিভিন্ন অফিস থেকে প্রকাশিত ক্রয় পরিকল্পনা পর্যালোচনা করা হচ্ছে। শীঘ্রই তা প্রকাশ করা হবে।</p>	<p>ক্রয়-পরিকল্পনা দ্রুততম সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল)  ২। সহকারী কমিশনার (নেজারত)  ৩। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি) সেল</p>
<p><u>৫. কর্মপরিবেশ উন্নয়ন:</u>  সভায় অফিসের বিভিন্ন পরিত্যক্ত/ব্যবহার অনুপযোগী/ অকেজো মালামাল নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় অফিসের কিছু পরিত্যক্ত/অকেজো মালামাল রয়েছে যেগুলো নিষ্পত্তি করা প্রয়োজন।</p>	<p>অফিসের বিভিন্ন স্থানে অকেজো মালামালসমূহ কমিটি গঠন করে বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।</p>	<p>সহকারী কমিশনার (নেজারত) ও সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।</p>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ মশিউর রহমান এনডিসি  
বিভাগীয় কমিশনার, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১৬.০২২.১৭.৫৪৬

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৭  
১০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট বিভাগ, সিলেট।
- ৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট বিভাগ, সিলেট।
- ৫) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
- ৬) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
- ৭) সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৮) সিনিয়র সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (এ কার্যালয়ের ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯) সহকারী কমিশনার, সাধারণ শাখা-১, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ১০) কমিশনারের একান্ত সচিব, সিলেট বিভাগ, সিলেট।
- ১১) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



সকিনা আক্তার  
সহকারী কমিশনার